চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা
চট্টগ্রাম।

(প্রেস বিজ্ঞপ্তি)

চট্টগ্রাম বেতার টিভি ও মঞ্চ শিল্পীদের সাথে সাক্ষাতকালে মেয়র
রুচিশীল অনুষ্ঠান বিনির্মাণে সিটিভি কেন্দ্রের
বাজেট বৃদ্ধিতে সর্বাত্মক সহযোগিতা করা হবে

চট্টগ্রাম- ০৭ ফেব্রুয়ারি ২০১৯

আজ বৃহস্পতিবার বিকেলে চসিক কনফারেন্স হলে চট্টগ্রাম বেতার টিভি ও মঞ্চ শিল্পীরা চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীনের সাথে সাক্ষাত করেন। সাক্ষাতকালে শিল্পীরা বাংলাদেশ টেলিভিশনের বিভিন্ন সমস্যার কথা মেয়র বরাবরের তুলে ধরেন। শিল্পীদের উথ্বাপিত বক্তব্যগুলো শ্রবন করে সুন্দর,রুচিশীল ও মানসম্পন্ন অনুষ্ঠান বিনির্মাণে বাংলাদেশ টেলিভিশন চট্টগ্রাম কেন্দ্রের বাজেট বৃদ্ধির জন্য সর্বাত্মক সহযোগিতার আশ্বাস দিলেন সিটি মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন। তিনি বলেন চট্টগ্রামের কৃষ্টি-সংস্কৃতির ধারক বাহক এই শিল্পীরা। চট্টগ্রামের কৃষ্টি ও সংস্কৃতি তাদের শিল্প কর্ম বাংলাদেশ টেলিভিশন চট্টগ্রামের মাধ্যমে সারা দেশে পৌঁছে যাবে। প্রাচীন কাল থেকে সাংস্কৃতিক কর্মকান্ড চট্টগ্রাম থেকে এগিয়েছে। সংস্কৃতি কর্মীরাই দেশের রাজনৈতিক সংকট ও রাজনৈতিক আন্দোলনে সহযোগি শক্তি হিসেবে কাজ করেছে। তাদের অবমূল্যায়ন করে চট্টগ্রাম টেলিভিশন কেন্দ্রে সুর সঙ্গীত অনুষ্ঠান প্রচারিত হওয়া কারো কাম্য নয়। তাই তিনি চট্টগ্রাম টেলিভিশন কেন্দ্রের তালিকাভুক্ত শিল্পীদের অগ্রাধিকার দেয়ার উপর গুরুত্বারোপ করেন। এই প্রসঙ্গে মেয়র বলেন চট্টগ্রাম টেলিভিশনের অনুষ্ঠানে স্থানীয় শিল্পীদের অংশগ্রহন নিশ্চিত করতে হবে। যাতে চট্টগ্রামের স্থানীয় বিটিভির তালিকা ভুক্ত শিল্পী, সুরকার ও সঙ্গীত পরিচালকের মাধ্যমে সুচারু রূপে নিয়মিতভাবে অনুষ্ঠান ধারন করার উপর গুরুত্বারোপ করেন মেয়র। এ থেকে চট্টগ্রামের নিয়মিত শিল্পীরা তাদের ন্যায্য অধিকার ফিরে পাবে। এ ধরনের উদ্যোগ গ্রহণ করার জন্য মেয়র বাংলাদেশ টেলিভিশন কর্তৃপক্ষকে পরামর্শ এবং শিল্পী,কলা-কৌশলী সহ সংশ্লিষ্ট সকলকে টেলিভিশন কর্তৃপক্ষকে সহযোগিতা করার আহবান জানান। এসময় বাংলাদেশ টেলিভিশনের জেনারেল ম্যানেজার নিতাই কুমার ভট্টচার্য, চসিক প্যানেল মেয়র চৌধুরী হাসান মাহমুদ হাসনী, চট্টগ্রাম বেতার ও টেলিভিশন শিল্পী কল্যাণ সংস্থার সভাপতি শেখ শহীদুল আনোয়ার, সাধারন সম্পাদক আলাউদ্দিন তাহের, সুরকার ও সঙ্গীত পরিচালক কায়সারুল আলম, নজরুল শিল্পী সংস্থার সভাপতি মৃণাল ভট্টচার্য, সুরকার ও সঙ্গীত পরিচালক সাইফুদ্দিন মাহমুদ খান, রবীন্দ্র সংগিত শিল্পী সংষ্থার সাধারন সম্পাদক সহিদুর রহমান, স্বাধীন বাংলার সংবাদ সৈনিক সুজিত রায়, চট্টগ্রাম মঞ্চ সংগীত শিল্পী সংস্থার সাধারন সম্পাদক এড.কামরুল আজম চৌধুরী টিপু, তাপস বড়ুয়া, সুব্রত দাশ অনুজ, তাপস চৌধুরী, সত্যজিৎ দাশ, শিলা চৌধুরী, ইকবাল পিন্টু, কল্পতরু ভট্টচার্য, এড. মো. কায়ছার উদ্দিন, অজয় চক্রবর্তী. সৈয়দ মোসলেহ উদ্দিন মানিক, নাদিরা পারভীন পারুল, নুসরাত ইয়াছমিন, শাহীন রহমান, শুভ্রা দাশ, প্রেম সুন্দর বৈষ্ণব, জুলেখা জুলি, নারায়ন দাশ, কাজল দত্ত, কান্তা দে, মাহবুবুর রহমান, হোসাইন শরীফ, রূপা রোজারিন, অনুরিনা চৌধুরী, প্রদীপ দাশ,রিম্পা দাশ, কমল দত্ত, শ্যামলী পাল প্রমুখ উপস্থিত ছিলেন।

প্রেস বিজ্ঞপ্তি
চসিকের বইমেলার
প্রস্তুতি নিয়ে সংবাদ
সম্মেলন কাল

চট্টগ্রাম-৭ ফেব্রুয়ারি ২০১৯ ইং

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে চট্টগ্রাম সৃজনশীল প্রকাশনা পরিষদের সহায়তায় ১০ ফেব্রুয়ারি রবিবার থেকে অনুষ্ঠিতব্য অমর একুশে বইমেলা-২০১৯ এর উদ্বোধনের সার্বিক প্রস্তুতি উপলক্ষে আগামীকাল শুক্রবার বিকেল ৪ টায় নগরীর এম এ আজিজ স্টেডিয়ামে জিমনেসিয়াম চত্বরস্থ বইমেলা কার্যালয়ে সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়েছে। এতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন উপস্থিত থাকবেন।

মেলার আলোচনা অনুষ্ঠানে দেশের খ্যাতিমান বুদ্ধিজীবি,সাহিত্যিক,শিক্ষাবিদ,সাংবাদিকগণ উপস্থিত থাকবেন।

(প্রেস বিজ্ঞপ্তি)

ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইন নিয়ে সংবাদ সম্মেলন

সাড়ে ৫ লাখ শিশুকে ভিটামিন

‘এ’ প্লাস ক্যাপসুল খাওয়াবে চসিক

চট্টগ্রাম- ০৭ ফেব্রুয়ারি ২০১৯

চট্টগ্রাম সিটি কর্পোরেশন স্বাস্থ্য বিভাগের উদ্যোগে আগামী ০৯ ফেব্রুয়ারি শনিবার অনুষ্ঠিতব্য জাতীয় ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইন (২য় রাউন্ড)২০১৯ উদ্‌যাপন উপলক্ষে আজ বৃহস্পতিবার সকালে কর্পোরেশন পরিচালিত নগরীর সদরঘাটস্থ জেনারেল হাসপাতালে এক সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। আগামী শনিবার সকাল ৮ টায় নগরীর এনায়েত বাজার সিটি কর্পোরেশন দাতব্য চিকিৎসলয়ে জাতীয় ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইন (২য় রাউন্ড) এর উদ্বোধন করবেন সিটি মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন। এতে সভাপতিত্ব করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের স্বাস্থ্য শিক্ষা স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান কাউন্সিলর নাজমুল হক ডিউক। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেনের সার্বিক প্রস্তুতি নিয়ে বক্তব্য রাখেন প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. সেলিম আকতার চৌধুরী। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন স্বাস্থ্য কর্মকর্তা ডা. মোহাম্মদ আলী, চসিক জেনারেল হাসপাতালের ইনচার্জ ডা. আরফি আসিফ খান, কনসালট্যান্ট ডাঃ সুশান্ত বড়ুয়া, জোনাল মেডিকেল অফিসার ডা. ইমাম হোসেন রানা,ডাঃ তপন কুমার চক্রবর্তী,ডাঃ মোহাম্মদ রফিকুল ইসলাম,ডাঃ মোহাম্মদ মুজিবুল আলম চৌধুরী, ডাঃ মোহাম্মদ হাসান মুরাদ,ডাঃ সুমন সুমন তালুকদার ডাঃ মুক্তা খানম প্রমুখ । সংবাদ সম্মেলনে জানানো হয় ৬ থেকে ১১ মাস বয়সী প্রতিটি শিশুকে একটি নীল রঙের (১লক্ষ ইউনিট)এবং ১২ থেকে ৫৯ মাস বয়সী প্রতিটি শিশুকে একটি লাল রঙের ভিটামিন ‘এ’ ক্যাপসুল (২লক্ষ ইউনিট) খাওয়ানো হবে।

এই ক্যাম্পেইনের উদ্দেশ্য হল শিশু মৃত্যুর ঝুঁকি ও ভিটামিন ‘এ’ এর অভাবজনিত শিশুর অন্ধত্ব প্রতিরোধ করা ও পুষ্টি বিষয়ক অন্যান্য কর্মসূচি সমন্বিতভাবে বাস্তবায়ন করা। উক্ত কর্মসূচি সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে যা অবশ্যই পালন করতে হবে তা হল ৬ মাস বয়সী শিশুকে মায়ের দুধের পাশাপাশি ঘরে তৈরি সুষম খাবার খাওয়ানোর বিষয়ে পুষ্টি বার্তা প্রচার এর পার্শ্ব প্রতিক্রিয়া চিকিৎসার জন্য মনিটরিং এবং ২০টির অধিক মোবাইল টিম গঠন করা, এই টিম নগরীর বিভিন্ন বাস স্টেশন, রেল স্টেশন,লঞ্চ স্টেশন,সিটি গেইট, কর্ণফুলি ব্রিজ, কালুরঘাট ব্রিজ,অক্সিজেন মোড় সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে ভাসমান শিশুদের ভিটামিন এ ক্যাপসুল খাওয়াবেন। এছাড়া আন্ত:ব্যক্তি যোগযোগ সম্পন্ন করা ও ওয়ার্ড ভিত্তিক উদ্দিষ্ট শিশুর তালিকা সংরক্ষন করা। এ লক্ষ্যে নগরীর ৪১টি ওয়ার্ডে স্থায়ী/অস্থায়ী ১২৮৮ কেন্দ্রে ৬ থেকে ১১ মাস বয়সী প্রায় ৮০ হাজার শিশুকে ১টি করে নীল রঙের ও ১২ থেকে ৫৯ মাস বয়সী প্রায় সাড়ে ৪ লাখ শিশুকে একটি উচ্চ ক্ষমতা সম্পন্ন লাল রঙের ভিটামিন ‘এ’ ক্যাপসুল খাওয়ানো হবে। কর্পোরেশন এলাকায় ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইন সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে সর্বোচ্চ প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। এই ক্যাম্পেইন আগামী ৯ই ফেব্রুয়ারি শনিবার সকাল ৮ টা হতে বিকাল ৪ টা পর্যন্ত বিরতিহীনভাবে চলবে। চসিকের সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলরগণের সার্বিক সহযোগিতা ছাড়াও নগরে অবস্থিত সকল-সরকারি-বেসরকারি সংস্থার কর্মকর্তা সহ প্রায় ৪ হাজার স্বেচ্ছাসেবক, সকল জোনাল অফিসার, মেডিকেল অফিসার, ইপিআই টেকনিশিয়ান, সুপারভাইজার, স্বাস্থ্য সহকারী, টিকাদান ও স্বাস্থ্যকর্মী এ কাজে নিয়োজিত থাকবেন। ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইন সফলভাবে বাস্তবায়নে সচেতন নাগরিক, বুদ্ধিজীবী, সাংবাদিক, শিক্ষক, প্রকৌশলী, ইমাম, পুরোহিত ও অন্যান্য পেশাজীবীদের সর্বাত্মক সহযোগিতা কামনা করছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। এ জন্য কর্পোরেশন জাতীয় ও স্থানীয় দৈনিক পত্রিকায় প্রচারের জন্য বিশেষ বিজ্ঞপ্তি প্রকাশ, স্বেচ্ছাসেবকদের আপ্যায়নের জন্য মেয়রের পক্ষ থেকে বিশেষ বরাদ্দ প্রদান, জনসাধারণের সহযোগিতা চেয়ে মসজিদে জুমার নামাজের খুতবায় মুসল্লিদের অবহিত করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উদ্যোগ নেয়া হয়েছে।

সংবাদদাতা
রফিকুল ইসলাম

জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন